

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ জুলাই ২০২২ খ্রি.

নগরীতে ১৯ জুলাই দিনব্যাপী গণ বুস্টার ডোজ কার্যক্রম চলবে

নগরীর ৪১টি ওয়ার্ডে আগামী ১৯শে জুলাই মঙ্গলবার দিনব্যাপী কোভিড-১৯ প্রতিরোধে করোনা বুস্টার বা তৃতীয় ডোজ দেয়া হবে। এই বুস্টার ডোজ দ্বিতীয় ডোজ গ্রহণের ৪ মাস পার হলেই ১৮ বছর বা তদুর্ধ্ব বসয়ী সবাই করোনা টিকার বুস্টার ডোজ নিতে পারবেন। তবে টিকা নিতে আসার সময় অবশ্যই টিকার কার্ড সঙ্গে আনতে হবে। আজ রবিবার বিকেলে বাটালি হিলস্থ অস্থায়ী নগর ভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী সভাপতিত্বে ও প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর সঞ্চালনায় গণবুস্টার ডোজ ভ্যাকসিনেশন দিবসের এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, ওয়ার্ড কাউন্সিলর হাজী নুরুল হক, মো. শহীদুল আলম, ড. নেছার উদ্দিন আহমেদ মঞ্জু, হাসান মুরাদ বিপ্লব, আবদুস সালাম মাসুম, মো. শাহেদ ইকবাল বাবু, এম আশরাফুল আলম, মো. ইসমাইল, মো. ওয়াসিম উদ্দিন চৌধুরী, শেখ জাফরুল হায়দার চৌধুরী, মো. জাবেদ, পুলক খাস্তগীর, জিয়াউল হক সুমন, গোলাম মো. জোবায়ের, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, ডা. সরোয়ার আলম, ডা. ইমাম হোসেন রানা প্রমুখ।

সভাপতির বক্তব্যে মেয়র করোনাকে অবহেলা করার কোন অবকাশ নেই। কোভিড-১৯ প্রতিরোধে ভ্যাকসিন একটি কার্যকরী সমাধান। কোভিড ভ্যাকসিনের সম্পূর্ণ সুফল পেতে হলে অবশ্যই তৃতীয় বা বুস্টার ডোজ নিতে হবে। এই কর্মসূচীকে সফল করতে নগরীর প্রতিটি ওয়ার্ডে মাইকিং ও মসজিদ, পেগোডা, মন্দির ও গীর্জায় ইমাম ও পুরোহীতদের মাধ্যমে এলাকার জনসাধারণকে অবহিত করাসহ টিকা গ্রহণে আগ্রহী করে তোলার জন্য কাউন্সিলরদের স্ব-স্ব এলাকায় ব্যবস্থা গ্রহণের জন্য আহ্বান জানান। তিনি বলেন প্রতিটি ওয়ার্ডে ২টি করে কেন্দ্র থাকবে প্রতি কেন্দ্রে দেশত করে দুই কেন্দ্র ১হাজার জনকে বুস্টার ডোজ দেয়া হবে। এছাড়া সেচ্ছাসেবকদের মাধ্যমে টিকা গ্রহণকারীদের যাবতীয় সেবা প্রদান করা হবে এবং কেন্দ্রগুলোতে প্রতিবন্ধী ও বয়স্কদের অগ্রাধিকার দেয়া হবে। অতীতের ন্যায় চসিকের সুনাম অক্ষুণ্ন রেখে বুস্টার ডোজ কার্যক্রম সফল করার আহ্বান জানিয়ে মেয়র সবাইকে মাস্ক পড়ে টিকা কেন্দ্রে আসার জন্য অনুরোধ জানান।

চসিক ভ্রাম্যমাণ আদালত
ফুটপাতের উপর ব্যবসা করায় ৫ ব্যক্তিকে
১০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত আদালত নগরীর পাঠানটুলী রোডে ফুটপাত দখল করে দোকানের মালামাল রেখে ব্যবসা করা এবং জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৫ দোকানদারের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। একই অভিযানে গুলকবহর ওয়ার্ডের আহম্মদ মিয়া প্রাইমারী স্কুল লেইন, আব্দুল্লাহ খান লেইন ও চকবাজার ওয়ার্ডের পাঁচলাইশ আবাসিক এলাকা, কাতালগঞ্জ আবাসিক এলাকা, মুন্সি পুকুরপাড় ও কাপাসগোলা এলাকায় মশক নিধন কার্যক্রম তদারকি করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮-২৪-৪৭৭৬৯৩